

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৩৮

৪৮/ যিক্র, দুআ, তাওবাহ এবং ক্ষমা প্রার্থনা (کتاب الذکر والدعاء والتوبة والاستغفار) পরিচ্ছেদঃ ৪৮/১৮. যে সমস্ত খারাপ কাজ কেউ করেছে বা করেনি তা থেকে আশ্রয় চাওয়া।

التعود من شر ما عمل ومن شر ما لم يعمل

আরবী

حديث أبِي هُرَيْرَةَ رضي الله عنه أَنَّ رَسُولَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، كَانَ يَقُولُ: لاَ إِلهَ إلاَّ اللهُ وَحْدَهُ فَلاَ شَيْءَ بَعْدَهُ وَنَصَرَ عَبْدَهُ وَغَلَبَ الأَحْزَابَ وَحْدَهُ فَلاَ شَيْءَ بَعْدَهُ

বাংলা

১৭৩৮. আবৃ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (খন্দকের যুদ্ধের সময়) বলতেন, এক আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই। তিনিই তাঁর বাহিনীকে মর্যাদাবান করেছেন, তাঁর বান্দাকে সাহায্য করেছেন এবং তিনি একাই সম্মিলিত বাহিনীকে পরাভূত করেছেন। এরপর শক্র ভয় বলতে আর কিছুই থাকল না।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৪ : মাগাযী, অধ্যায় ৩০, হাঃ ৪১১৪; মুসলিম, পর্ব ৪৮ ; আল্লাহ তা'আলার যিকরের প্রতি উৎসাহ প্রদান, অধ্যায় ১৮, হাঃ ২৭২৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন